৩০/৭/২০০০

ভোরের কাগজ

তারিখ ....... পৃষ্ঠা ৩ ... কলাম ... ৬

ঢা.বি হল পরিদর্শন

# একযোগে সব হলের ছাত্রদের বের করে বৈধ ছাত্রদের হলে ঢুকতে দেওয়া হবে

বিশ্ববিদ্যালয়- প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হল পরিদর্শনের নতুন কৌশলের কথা ঘোষণা করেছেন। এবার একযোগে একই দিনে বিশ্ববিদ্যালয়ের সকল হল থেকে ছাত্রদের বাইরে বের করে পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকল ছাত্রের পরিচয়পত্র পরীক্ষা করে তাদের হলে প্রবেশের অনুমতি দেবেন। ক্যাম্পাসে ক্রিয়াশীল ছাত্র সংগঠনগুলোকে অবহিত করে এ ব্যাপারে দিনক্ষণ নির্ধারণ করা হবে বলে জানা যায়।

● এর পর -পৃষ্ঠা ২ কলাম ৩

## একযোগে সব হলের

● প্রথম পাতার পর

এদিকে বিশ্ববিদ্যালয়ে বিরাজমান বর্তমান পরিস্থিতি অবহিতকরণ ও পরামর্শ গ্রহণের জন্য সিন্ডিকেট সদস্যবৃন্দদের নিয়ে উপাচার্য ঢা.বি চ্যান্সেলর প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করবেন।

বিশ্ববিদ্যালয়ের সিনেট-সিন্ডিকেট, শিক্ষক সমিতি, ডিন, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ও পরিচালকবৃন্দের এক যৌথ সভায় গতকাল এসব সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় সিদ্ধান্ত হয় যে, বিভিন্ন হলে যেসব বৈধ ছাত্র উঠতে পারছে না বা থাকতে পারছে না সেসব ছাত্রদের হলে তুলে দেওয়ার জন্য একই দিনে সকল হল খালি করে সংশ্লিষ্ট হল প্রাধ্যক্ষের নেতৃত্বে হল প্রশাসন, সিনেট, সিন্ডিকেট সদস্য, শিক্ষক সমিতির সদস্য, সকল ডিন, প্রভোস্ট, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সদস্য, প্রক্টর, সহকারী প্রক্টর এবং সংশ্লিষ্ট হলের সংযুক্ত শিক্ষকবৃন্দের উপস্থিতিতে আইনশৃঙ্খলা প্রয়োগকারী সংস্থাসমূহের সহযোগিতায় হলের প্রতিটি ফ্লোরের প্রতিটি কক্ষ পরিদর্শন করা হবে। পরিদর্শন শেষে হলের বৈধ আবাসিক, দ্বৈতাবাসিক ও অনুমতিপ্রাপ্ত ছাত্রদের পরিচয়পত্র পরীক্ষা করে হল প্রশাসন আবাসিক শিক্ষকদের সহায়তায় তাদের হলে প্রবেশের ব্যবস্থা গ্রহণ করবেন।

বৈধ ছাত্রদের হলে তোলার কর্তৃপক্ষের এ সিদ্ধান্তের ব্যাপারে প্রতিক্রিয়া জানতে চাইলে ছাত্রদলের সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু বলেন, 'এখনো এ বিষয়টি আমরা অবগত নই। বিস্তারিত জেনে বিষয়টি নিয়ে নীতিনির্ধারণী কমিটিতে আলোচনা করে আমরা আমাদের মনোভাব জানাবো।'